



রাষ্ট্রিক কর্তৃক ওলশান লেক ভরাটের প্রতিবাদ জানিয়ে পরিবেশবাদী সংগঠন পরশ-এর উদ্যোগে বের করা বিক্ষোভ মিছিলে ওলশানের বাসিন্দারা অংশ নেন
-ভোরের কাগজ

ষষ্ঠ বাংলাদেশ জাতীয় স্কাউট জাম্বুরী উদ্বোধন

ধর্মীয় গোঁড়ামি, পশ্চাৎপদতা দূর করতে এগিয়ে আসুন : প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী শেখ হাসিনা দেশের অগ্রগতির পথে বিরাজমান সামাজিক প্রতিবন্ধকতাগুলো দূর করতে সকলকে এক্যবদ্ধভাবে কাজ করার আহ্বান জানিয়েছেন। তিনি বলেন, ক্ষুধা, অশুষ্টি, অজ্ঞতা, কুসংস্কার, ধর্মীয় গোঁড়ামি ও পশ্চাৎপদতা দূর করার জন্য সকলকে এগিয়ে আসতে হবে।

গতকাল শনিবার গাজীপুরের মৌচাক জাতীয় স্কাউট প্রশিক্ষণ কেন্দ্রে ষষ্ঠ বাংলাদেশ জাতীয় স্কাউট জাম্বুরীর উদ্বোধন করতে গিয়ে প্রধানমন্ত্রী এ কথা বলেন।

প্রধানমন্ত্রী স্কাউটদের ব্যক্তিগত জ্ঞান, দক্ষতা ও নেতৃত্বের মাধ্যমে সমাজের পশ্চাৎপদতা দূর করার জন্য নিবেদিত হওয়ার আহ্বান জানান। ভারত, পাকিস্তান, শ্রীলঙ্কা ও ভুটানসহ সারা দেশ থেকে ১০ হাজারেরও বেশি স্কাউট এবারের জাম্বুরীতে যোগ দিয়েছে।

প্রধানমন্ত্রী বলেন, প্রকৃত মানুষ এবং সুনামগরিক হিসেবে গড়ে ওঠার লক্ষ্যে প্রত্যেকেরই চেষ্টা থাকা উচিত। তিনি বলেন, প্রকৃত মানুষ হিসেবে গড়ে উঠতে পারলেই কেবল একটি সমৃদ্ধিশালী দেশ ও জাতি গড়ে তোলা সম্ভব।

স্কাউটিকে একজন আদর্শ মানুষ গড়ে তোলার চমৎকার আন্দোলন হিসেবে অভিহিত করে প্রধানমন্ত্রী বলেন, পুঁথিগত বিদ্যার বাইরেও স্কাউটরা হাতে-কলমে প্রায়োগিক জ্ঞান অর্জন

করে। স্কাউটিং ছেলেমেয়েদের আত্মবিশ্বাসী সচেতন, নিবেদিত এবং সুনামগরিক হিসেবে গড়ে উঠতে সাহায্য করে।

প্রধানমন্ত্রী স্কাউট আন্দোলনকে আরো জোরদার করার জন্য সরকারের পক্ষ থেকে সম্ভব সকল সহযোগিতার আশ্বাস দেন। তিনি জাতীয় প্রতি স্কাউটদের অবদানের স্বীকৃতি হিসেবে অদূর ভবিষ্যতে জাতীয় পুরস্কার প্রবর্তনের ঘোষণা দেন।

বাংলাদেশ স্কাউটস-এর সভাপতি এম মাহবুবুলজামানের সভাপতিত্বে অনুষ্ঠানে জাম্বুরী প্রধান ও বাংলাদেশ স্কাউটস-এর প্রধান জাতীয় কমিশনের মনসুর-উল-করিম ও জাম্বুরী সাংগঠনিক কমিটির চেয়ারম্যান আব্দুল কাইয়ুম ঠাকুর বক্তৃতা করেন।

প্রধানমন্ত্রী বেঙ্গল ও পায়রা উড়িয়ে জাম্বুরীর বর্ণাঢ্য সমাবেশ উদ্বোধন করেন এবং খোলা জিপে চড়ে স্কাউটদের কুচকাওয়াজ পরিদর্শন করেন। তিনি অস্ট্রেলিয়ার ব্রুস গার্নেসি ও ভারতের ললিত মোহন জৈনকে দেশের সর্বোচ্চ স্কাউট পুরস্কার 'রৌপ্য ব্যান্ড' প্রদান করেন।

পরে প্রধানমন্ত্রী নিরাপত্তা প্রটোকল উপেক্ষা করে স্কাউটদের সঙ্গে মেশেন এবং জাম্বুরী প্রাপ্তি বিভিন্ন তাঁবু পরিদর্শন করেন। প্রধানমন্ত্রীকে খুব কাছে পেয়ে স্কাউটরা ড্রাম বাজিয়ে আনন্দ প্রকাশ করে।